

স্নাতকোত্তর ডিগ্রি প্রোগ্রাম ( **Post-Graduate Degree Programme** )

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( **Term End Examination** ) : ডিসেম্বর, ২০২৪

বাংলা ( **Bengali** )

সপ্তম পত্র – গ ( **7C Paper** )

**BANGLADESHER SAHITYA**

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

( মানের গুরুত্ব : ৮০% )

( Weightage of Marks : 80% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.**

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৪৫০ শব্দে ) : ১৮ × ২ = ৩৬
- ক) স্বাধীনতাকামী মানুষের স্বর, প্রতিরোধের বাণী, অত্যাচারিতের ক্রন্দনধ্বনি, লাঞ্ছনার হাহাকার বাংলাদেশের কবিতায় পরিস্ফুট হয়েছে। আপনার পাঠ্য যেকোনো একজন কবির কবিতা বিশ্লেষণের প্রেক্ষিতে উপরি-উক্ত মন্তব্যটি সম্পর্কে আপনার ভাবনা ব্যক্ত করুন।
- খ) চর্যাপদের সমকালের অতীত-স্মৃতি থেকে তৎকালীন বাংলাদেশের ভবিষ্যৎ-সত্তা কীভাবে পরম্পরের সম্পূরক হয়ে উঠেছে — ‘নীল ময়ূরের যৌবন’ উপন্যাস আলোচনা সাপেক্ষে তা ব্যাখ্যা করুন।
- গ) ‘সাহিত্য নির্মাণ প্রক্রিয়াটি বহুরৈখিক চিন্তন-দর্শন দ্বারা পরিচালিত।’ আহমদ শরীফের প্রবন্ধ অবলম্বনে সাহিত্য দর্শন সম্বন্ধীয় বহুবিধ চিন্তন-চর্চার স্বরূপ সম্পর্কে উপরি-উক্ত উদ্ধৃতিটি কতদূর সমর্থনযোগ্য, তা আলোচনা করুন।
- ঘ) দেশভাগ থেকে ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, স্বাধীনতাকামী পরাধীন মানুষের লড়াই, স্বাধীন বাংলাদেশের যাত্রা — নানা বিবর্তনের ধারায় সমাজ-সংস্কৃতি সংগঠন পর্বটি পরিচালিত হয়েছে। এই পরিবর্তনের সাক্ষ্য বহন করে আমাদের সাহিত্য।
- বাংলাদেশের জনজীবনের পরিবর্তনশীল চলনের ধারা কীভাবে সেই দেশের সাহিত্যে প্রভাব ফেলেছে, আপনার পাঠ্য যে-কোনো দুটি ছোটগল্প অনুসারে সে সম্পর্কে আলোচনা করুন।

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দে ) : ১২ × ৩ = ৩৬

- ক) ‘বাংলাদেশের সাহিত্য’ নামে একটি পৃথকধারা তৈরির প্রয়োজনীয়তা কেন তৈরি হল ? দুই বাংলার সাহিত্যে কোনো নিজস্বতার স্বরূপ কি প্রকাশ পেয়েছে ? আপনার মতামত ব্যক্ত করুন।
- খ) ‘... লালনের মা আর মা নয় একেবারে আগুন রক্তের লাহাম টকটইক্যা আগুন। কইবা তো, আমার লালনের কসম —’ ‘কি চাহ শঙ্খচিল’ নাটকের মাধ্যমে সমকালের নারীর প্রতিরোধস্পৃহা, প্রতিস্পর্ধার যে রূপ লেখক আঁকতে চেয়েছেন তা ব্যাখ্যা করুন।
- গ) হারুণ-অল-রশিদ চরিত্রটিকে ‘রাজসিংহ’ উপন্যাসের ঔরঙ্গজেব ও ‘রক্তকবরী’ নাটকের যক্ষরাজের চরিত্রের সঙ্গে মিলিয়ে পড়তে পারি কি ? আপনার মতামত ব্যক্ত করুন।
- ঘ) ‘পরীবানুর কাহিনী’ আসলে এক বিদ্রোহিনী নারীর প্রতিস্পর্ধার কাহিনী। — এপ্রসঙ্গে আপনার ভাবনা ব্যক্ত করুন।
- ঙ) ‘হাসান হাফিজুর রহমানের কবিতা যেন প্রতিরোধের বাণী, প্রতিস্পর্ধা মন্ত্র’। আপনার পাঠ্য যে-কোনো একটি কবিতা অবলম্বনে উপরিউক্ত মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে আপনার মতামতটি ব্যাখ্যা করুন।
- চ) আনিসুজ্জামানের প্রবন্ধ অবলম্বনে বাংলা ভাষা গঠন প্রসঙ্গে মুসলমান বাঙালির অবদানের স্বরূপ আলোচনা করুন।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ১৫০ শব্দে ) : ৭ × ৪ = ২৮

- ক) ‘আদমের মাটির শরীর মিশ্যা যায় মাটিতে ... সেই মাটির জমিন ... এই আদমের লাইগ্যা মিলাইয়া দেও মাবুদ। দেও মাবুদ শুধু কবরের মাটি’ — প্রসঙ্গটি উল্লেখ করুন।
- খ) ‘সে রাত্রির অভিশাপ নিশ্চল করেছে  
দুরাস্তৃত জীবনের কল্যাণের ধারা  
অক্ষম লজ্জায় শুধু মুখ লুকিয়েছে  
মানুষের শক্তিহীন বংশধর যারা।’  
কবি ও কবিতার নাম উল্লেখে উদ্ধৃত অংশটি বিশ্লেষণ করুন। ২ + ৫

- গ) ‘আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি। এটি কোন আদর্শের কথা নয়। এটি একটি বাস্তব কথা।’ — উক্তিটি কার ? বক্তব্যটি সম্পর্কে আপনার মতামত জানান। ১ + ৬
- ঘ) ‘একটি তুলসিগাছের কাহিনী’ গল্পে তুলসী গাছটিকে ঘিরে কাহিনিবৃত্ত আবর্তিত হয়েছে। তুলসী গাছটি কীভাবে গল্পের এক উল্লেখযোগ্য চরিত্র হয়ে উঠেছে, তা ব্যাখ্যা করুন।
- ঙ) ‘কবর’ নাটকটি কোন্ দিনের ঘটনার প্রেক্ষাপটে রচিত ? নাটকটিতে সমকালের যে ছবি প্রকাশ পেয়েছে তার স্বরূপ সম্পর্কে আলোচনা করুন। ১ + ৬
- চ) বদরুদ্দিন উমরের প্রবন্ধ অবলম্বনে সংস্কৃতি সংগঠনে সমাজের বহুমাত্রিক চলনের স্বরূপ সম্পর্কে আলোচনা করুন।
- ছ) ‘বাতাস কাঁপছে অসুস্থ আলোড়নে  
পত্রে পুষ্পে স্পর্শ লেগেছে তার,  
শতধা দীর্ঘ তোমার লাজুক মনে  
হেনেছো তোমার হতাশার তলোয়ার।’  
উদ্ধৃতিটি ব্যাখ্যা করুন।
- জ) ‘মৌলবাদের কুফল দেখানোর জন্য ঔপন্যাসিক এই আক্বাস আলী চরিত্রটি সৃষ্টি করেছেন।’  
— পাঠ্যকাহিনি অবলম্বনে উপরি-উক্ত মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে আপনার মতামত ব্যক্ত করুন।